

**স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের সমাবর্তনে শিক্ষামন্ত্রী
বেসরকারি বিশ্ববিদ্যালয় উচ্চ শিক্ষায় নতুন মাত্রা যোগ করেছে**

ঢাকা, ১৬ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো বাংলাদেশে উচ্চ শিক্ষায় নতুন মাত্রা যোগ করেছে। বাংলাদেশে উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিতকরণে ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বানন্দে উন্নীত করার লক্ষ্যে সরকার গুরুত্ব দিয়ে এ খাতকে তদারকি করছে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর শেরেবাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, নতুন প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ করে তুলতে বিশ্ববিদ্যালয়ের ভূমিকা গুরুত্বপূর্ণ। বিশ্ববিদ্যালয়গুলোতে জ্ঞানচর্চা ও নতুন জ্ঞান সৃষ্টির মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তনে ভূমিকা রাখতে হবে। তিনি বলেন, শিক্ষার গুণগতমান বৃদ্ধি করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। আদর্শ জাতি গঠনে নৈতিক শিক্ষা খুবই জরুরী উল্লেখ করে শিক্ষামন্ত্রী এ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধ ও সমাজের প্রতি দায়বদ্ধতা থেকে অর্জিত জ্ঞান কাজে লাগিয়ে গবেষণার মাধ্যমে নতুন তথ্য ও প্রযুক্তি উত্থাপন করার আহবান জানান।

সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মানান, স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ফাতিনাজ ফিরোজ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মো. আলী নকী এবং এসোসিয়েশন অব প্রাইভেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর নির্বাহী কমিটির সদস্য একেএম এনামুল হক শামীম বক্তব্য রাখেন। সমাবর্তন বক্তা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. এ কে আজাদ চৌধুরী।

সমাবর্তনে এক হাজার ৭৭২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিপ্লোমা প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী ৫ জন কৃতী শিক্ষার্থীকে চ্যাসেলর স্বর্ণপদক এবং ১৯ জনকে উপাচার্য স্বর্ণপদক বিতরণ করেন।